হে সখা বারতা পেয়েছি মনে মনে    তব নিশ্বাসপরশনে,
        এসেছ অদেখা বন্ধু    দক্ষিণসমীরণে ॥
কেন বঞ্চনা কর মোরে,    কেন বাঁধ অদৃশ্য ডোরে –
দেখা দাও, দেখা দাও দেহ মন ভ'রে    মন নিকুঞ্জবনে ॥
দেখা দাও চম্পকে রঙ্গনে,   দেখা দাও কিংশুকে কাঞ্চনে ।
কেন শুধু বাঁশরির সুরে    ভুলায়ে লয়ে যাও দূরে,
       যৌবন-উৎসবে ধরা দাও দৃষ্টির বন্ধনে ॥

---

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Behag

Visit www.geetabitan.com for notation and other detail